

# ঈদ ও গ্রীষ্মকাল উপলক্ষে ১৯ দিনের ছুটিতে বরিশাল বিশ্ববিদ্যালয়

আলিবদ্দিন, কন্ট্রিবিউটিং রিপোর্টার, বরিশাল বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ০১:০৩, ৩০ মে ২০২৫



×

গ্রীষ্মকাল এবং আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ১৯ দিনের ছুটি ঘোষণা করা হয়েছে। মঙ্গলবার (২৭ মে) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মো. মুহসিন উদ্দীনের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।



বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মো. মুহসিন উদ্দীন স্বাক্ষরিত  
এই নোটিশে জানানো হয়েছে, আগামী ১ জুন থেকে ১৯ জুন পর্যন্ত অ্যাকাডেমিক  
কার্যক্রম বন্ধ থাকবে এবং ১ জুন থেকে ১২ জুন অফিস ছুটি থাকবে।

x



উল্লেখ, বিশ্ববিদ্যালয় বন্ধ থাকাকালীন সময়ে সিকিউরিটিসহ অন্যান্য জরুরি সেবা চালু থাকবে।